

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ ডিসেম্বর ২০২২ খ্রি.

### নগরীতে সৌর বিদ্যুৎ চালিত সোলার রিক্সা পরিষ্কা মূলক চালু করল চসিক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সৌর বিদ্যুৎ চালিত সোলার রিক্সা পরিবেশ বান্ধব ও নবায়নযোগ্য প্রযুক্তি। বিদ্যুৎ সাশ্রয়ের ব্যাপারে প্রধানমন্ত্রী যে ঘোষণা দিয়েছেন তা বাস্তবায়নে বাংলাদেশে প্রথম সৌর বিদ্যুৎ চালিত সোলার রিক্সা চালুকরার পদক্ষেপ নিল চট্টগ্রাম সিটি কর্পোরেশন। তিনি বলেন, সরকার বৈদ্যুতিক ঘাটতি যাতে সৃষ্টি না হয়। এই জন্য ব্যাটারী চালিত রিক্সার অনুমোদন দিচ্ছে না। এই সোলার রিক্সা ব্যাটারী চালিত রিক্সার বিকল্প হিসেবে রাস্তায় নামতে পারে। এতে করে বৈদ্যুতিক ঘাটতি সমস্যার আংশিক সমাধান হবে এবং নতুন কর্মসংস্থান সৃষ্টিসহ বেকারত্ব দূর করতে অগ্রণী ভূমিকা রাখবে। এই সোলার রিক্সা চট্টগ্রাম নগরীতে চালু করার পর অবৈধ ব্যাটারী চালিত রিক্সা চলাচলের বিরুদ্ধে চসিক এখন থেকে কঠোর পদক্ষেপ গ্রহণ করবে। সৌর বিদ্যুৎ চালিত সোলার রিক্সা চালু হলে যাত্রী সাধারণের ভাড়াও বর্তমানের চাইতে এক তৃতীয়াংশ কমে আসবে। অন্যদিকে বিদ্যুতের জাতীয় গ্রীড থেকে যে বিদ্যুৎ অপচয় হচ্ছে তা রোধ করা সম্ভব হবে। তিনি আজ সকালে বাটালীহিলস্থ চসিক অস্থায়ী নগর ভবন প্রাঙ্গনে এস.এস.এল কর্তৃক প্রদেয় সৌর বিদ্যুৎ চালিত (সোলার রিক্সা) নগরীতে পরিষ্কামূলক চালু করার জন্য ২টি রিক্সা গ্রহণ কালে একথা বলেন। এসময় উপস্থিত ছিলেন, চসিক যান্ত্রিক বিভাগের নির্বাহী প্রকৌশলী মির্জা ফজলুল কাদের, এস.এস.এল এর পক্ষে এহসান মাহমুদ আলম, মো. কামাল উদ্দিন, খুরশিদা বেগম প্রমুখ।

মেয়র আরো বলেন, চট্টগ্রাম নগরী একটি পাহাড়ী অঞ্চল এখানে প্যাডল রিক্সা চালাতে অনেক শ্রম দিতে হয়। অন্য দিকে সময়ও অপচয় হয়। এই বিবেচনায় সৌর বিদ্যুৎ চালিত সোলার রিক্সা এক অভিনব প্রযুক্তি। তিনি বলেন, এখানে যান্ত্রিক কোন খরচ প্রায় নেই বললেই চলে। শুধুমাত্র সৌর প্যানেলগুলো মাঝে মাঝে সাবান ও সোডা দিয়ে পরিষ্কার করে দিতে হবে। নতুন প্রযুক্তির সোলার রিক্সার চালু করা গেলে অবৈধ ব্যাটারী চালিত রিক্সার কারণে যে বিদ্যুৎ অপচয় হয়, তা রোধ করা সম্ভব এবং পরিবেশ বান্ধব ও যাত্রী সাধারণের আর্থিক সাশ্রয় এবং চালকেরা অধিক শ্রম দেয়া থেকে পরিদ্রাণ পাবে। তিনি এই পরিষ্কা মূলক সৌর বিদ্যুৎ চালিত সোলার রিক্সা নগরীতে চলাচল করার পর যাত্রী সাধারণের মতামতের উপর ভিত্তি করে লাইসেন্স প্রদান করে অনুমতি দেয়া হবে বলে ঘোষণা দেন।

### সামশুন নাহার হারুন পলিটেকনিক ইনস্টিটিউটের বিজয় দিবসের আলোচনা সভায় মেয়র প্রজন্ম থেকে প্রজন্মে মহান মুক্তিযুদ্ধের চেতনা পৌঁছে দিতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র সামশুন নাহার পলিটেকনিক ইনস্টিটিউটের চেয়ারম্যান মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর মুক্তিযুদ্ধের বিজয়ের মাধ্যমে বাংলাদেশ নামক রাষ্ট্রের প্রতিষ্ঠা হলো বাঙালী জাতির শ্রেষ্ঠ অর্জন। এই অর্জনকে অর্থবহ করতে স্বাধীনতার মহানায়ক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান এবং মুক্তিযুদ্ধ সম্পর্কে সবাইকে জানতে ও জানাতে হবে। মেয়র রেজাউল করিম চৌধুরী মুক্তিযোদ্ধাদের ত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীনতাকে সমুলত রাখতে শিক্ষার্থীদের কারিগরি শিক্ষায় দক্ষ হয়ে দেশের কল্যাণে আত্মনিয়োগের আহ্বান জানান। তিনি প্রজন্ম থেকে প্রজন্মে মহান মুক্তিযুদ্ধের চেতনা পৌঁছে দিতে হবে মহান বিজয় দিবসে এটাই হউক আমাদের অঙ্গিকার।

গত শুক্রবার সকালে বহুদারবাড়িহু সামশু নাহার পলিটেকনিক ইনস্টিটিউটের উদ্যোগে মহান বিজয় দিবসের আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সামশু নাহার পলিটেকনিক ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নাজমুল হুদার সভাপতিতে শিক্ষিকা সাকিয়া হুসনি'র সঞ্চালনায় সভায় প্রধান বক্তা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কারিকুলাম বিশেষজ্ঞ রুপন কান্তি বিশ্বাস, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন- প্রতিষ্ঠানের পরিচালক ও প্রতিষ্ঠাতার কন্যা সাবিহা তাসনিম তানিম, পলিটেকনিক কলেজের সাবেক বিভাগীয় প্রধান তাপস কান্তি। আরো উপস্থিত ছিলেন-অত্র প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ইঞ্জিনিয়ার নাজমুল হুদা ও সমন্বয়কারী কর্মকর্তা ইঞ্জিনিয়ার মিঠুন দাশ, ইঞ্জিনিয়ার মোহাম্মদ আলাউদ্দিন, ইঞ্জিনিয়ার সাহেদুল ইসলাম (সাহেদ), ইঞ্জিনিয়ার ইমতিয়াজ আহমেদ, ইঞ্জিনিয়ার জেমস দাশ গুপ্ত, ইঞ্জিনিয়ার জয়শ্রী মিত্র, ইঞ্জিনিয়ার মাপাই মারমা, ইঞ্জিনিয়ার মামুর উশ শহীদ, ইঞ্জিনিয়ার মুহাম্মদ শামসুদ্দিন, ইঞ্জিনিয়ার হুসে জালাত মাহিনুর, ইঞ্জিনিয়ার সাকিয়া হুসনি, ইঞ্জিনিয়ার জান্নাতুল নাইম, মল্লিকা রানী নাথ, নিপা আক্তার ও মুহাম্মদ সিরাজুল ইসলাম প্রমুখ।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩